

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৬

৩. কিতাবুল ইসরা [ও মে'রাজ] (الإسراء)

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُنْذِرِ بْنِ سَعِيدٍ أَنْبَأَنَا عَلِيُّ بْنُ حَرْبِ الطَّائِيُّ أَنْبَأَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو بُنِ دِينَارٍ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ فِي قَوْلِهِ تَعَالَى: ({وَمَا جَعَلْنَا الرُّوْيَا الَّتِي أَرَيْنَاكَ إِلَّا فِتْنَةً لِلنَّاسِ} [الإسراء: 60] قَالَ: هِيَ رُوْيَا عَيْنٍ أُرِيَها رَسُولُ اللَّهِ صَلَّى الله عليه وسلم ليلة أسري به)

0 0000 00

[تعليق الشيخ الألباني]

صحيح \_ ((ظلال الجنة)) (1/ 201/462): خ.

الحديث: 56 ¦ الجزء: 1 ¦ الصفحة: 185

## বাংলা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْإِسْرَاءَ كَانَ ذَلِكَ بِرُؤْيَةِ عَيْنِ لَا رُؤْيَةِ نَوْم

ইসরার ঘটনাটি যে ঘুমের মধ্যে (স্বপ্নে) দর্শন নয়, বরং জাগ্রত অবস্থায় স্বচোক্ষে দর্শন- এ সম্পর্কে বর্ণনা :

৫৬. ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। আল্লাহ তা'আলার বাণী ''আর আমি যে দৃশ্য আপনাকে দেখিয়েছি তা কেবল মানুষের পরীক্ষার জন্য'' (ইসরা/বনী ইসরাঈলঃ ২০) এর তাফসীরে বলেন, এটি হল প্রত্যক্ষভাবে চোখের দেখা যা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে সে রাতে দেখানো হয়েছিল, যে রাতে তাঁকে (বায়তুল মুকাদ্দাস পর্যন্ত) ভ্রমণ করানো হয়েছিল।[1]

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।

আরনাউত্ব: মুসলিমের শর্তানুযায়ী সহীহ।



তাখরীজ: বুখারী ৩৮৮৮, ৪৭১৬; তিরমিযী, ৩১৩৪; হাকিম ২/৩৬২। হাকিম ও যাহাবী সহীহ বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন